



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৩ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ মার্চ ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ভলিবল (ছাত্র/ছাত্রী) প্রতিযোগিতা ২০২৩। ২০ মার্চ ২০২৩ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বরিশাল জেলা ক্রীড়া অফিস আয়োজিত এ টুর্নামেন্টের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, খেলাধুলার মাধ্যমে যেমন আত্মোন্নয়ন ঘটানো যায়, ঠিক তেমনি এর মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে বিশ্ববিদ্যালয়ের পরিচিতি লাভেরও সুযোগ তৈরি হয়। এসময় উপাচার্য মহোদয় খেলাধুলাসহ অন্যান্য সহশিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক রিফাত মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, প্রক্টর, পরিচালক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। এছাড়া অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বরিশাল জেলা ক্রীড়া কর্মকর্তা হুসাইন আহমাদ। বরিশাল বিশ্ববিদ্যালয়ের এবারের আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতার ছাত্র ইভেন্টে ১৭টি বিভাগ এবং ছাত্রী ইভেন্টে ০৩ টি বিভাগ অংশগ্রহণ করবে। টুর্নামেন্টটির ফাইনাল খেলা আগামী ২১ মার্চ বিকাল ৩:৩০ অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩-২৪

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস